গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
পরিকল্পনা ও উন্নয়ন শাখা- ৬

**বিষয়ঃ পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া কর্তৃক বাস্তবায়নাধীন পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ) রংপুর স্থাপন" শীর্ষক প্রকল্পের ষ্টিয়ারিং কমিটির ৩য় সভার কার্যবিবরণী।**

**সভাপতি - জনাব মো: রেজাউল আহসান**
**সচিব**
**পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।**
**তারিখ - ১৬/০১/২০২০ খ্রিঃ।**
**সময় - সকাল ১১.০০ ঘটিকা।**
**স্থান - পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মেলন কক্ষ**
(কক্ষ নং ৬৩৩, ভবন নং-০৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।

**২.০ উপস্থাপনাঃ**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি সভার আলোচ্যসূচি উপস্থাপন করার জন্য পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের উপ-প্রধানকে আহবান জানান। সভাপতির অনুমতিক্রমে উপ-প্রধান (ক) প্রকল্প পরিচিতি; (খ)প্রকল্পের বাস্তব অগ্রগতি ও বর্তমান অবস্থা (গ) প্রকল্পের সংশোধন এবং (ঘ) বিবিধ বিষয়ে উপস্থাপন করেন। অতঃপর সভার আলোচ্যসূচি মতে বিস্তারিত আলোচনা হয় এবং সে বিষয়ে গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ **পরিশিষ্ট 'ক'** সদয় দ্রষ্টব্য।

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ২.১ | প্রকল্প পরিচিতি | উপ-প্রধান বলেন যে, রংপুর বিভাগের গ্রামীণ জনগোষ্ঠীর টেকসই জীবন যাত্রার মানোন্নয়নের জন্য আরডিএ, বগুড়া'র অধীনে রংপুরে একটি পল্লী উন্নয়ন একাডেমী প্রতিষ্ঠাকরণের লক্ষ্যে চার বছর মেয়াদী (১ অক্টোবর, ২০১৪ – ৩০ সেপ্টেম্বর, ২০১৯ পর্যন্ত) বিষয়োক্ত প্রকল্পটি আরডিএ, বগুড়া কর্তৃক মোট ১১১৩২.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। পরবর্তীতে পরিকল্পনা কমিশন কর্তৃক প্রকল্পটির মেয়াদ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ০৯ মাস অর্থাৎ জুন, ২০২০ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। প্রকল্পের আওতায় ১০ তলা ভিত্তি বিশিষ্ট প্রশাসনিক কাম-অনুষদ ভবন, ৬ তলা ভিত্তি বিশিষ্ট টেকনোলজি বিল্ডিং ও মেডিকেল সেন্টার ভবন, ৬ তলা ভিত্তি (ফাউন্ডেশন) ক্যাফেটেরিয়াসহ বিনোদন কেন্দ্র ও | প্রকল্পটির বাস্তবায়ন যথাসময়ে ও সঠিকভাবে নিশ্চিত করতে হবে।<br>বাস্তবায়নে:<br>১) মহাপরিচালক, আরডিএ।<br>২) প্রকল্প পরিচালক। |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| | | গেষ্ট হাউস ভবন, ১০ তলা ভিত্তি (ফাউন্ডেশন) সাধারণ হোষ্টেল (মহিলা ও পুরুষ); ১০ তলা ভিত্তি (ফাউন্ডেশন) সাধারণ হোষ্টেল (মহিলা ও পুরুষ), ২য় তলা ভিত্তি (ফাউন্ডেশন) পরিচালকের বাংলো, ১০ তলা ফাউন্ডেশন ফ্যাকাল্টি কোয়ার্টার নির্মাণ, ১০ তলা ভিত্তি (ফাউন্ডেশন) বিশিষ্ট ষ্টাফ কোয়ার্টার (এ, বি, সি টাইপ) নির্মাণ; এবং প্রধান ফটক (মেইন গেট) ও সীমানা প্রাচীর নির্মাণ করা হচ্ছে। এছাড়াও প্রশিক্ষণ, গবেষণা ও প্রায়োগিক গবেষণা ক্ষেত্র হিসেবে আরডিএ, রংপুর ক্যাম্পাসে আরডিএ, বগুড়া'র আদলে (১) কৃষি যন্ত্রপাতি ইউনিট; (২) ফসল ইউনিট; (৩) ডেইরী ইউনিট; (৪) পোল্ট্রি ইউনিট; (৫) মৎস্য ইউনিট (৬) উদ্যান ও নার্সারী ইউনিট; (৭) টিস্যুকালচার ও হাইড্রোফোনিক ইউনিট স্থাপনের কাজ চলমান রয়েছে।<br>সভাপতি প্রকল্পের উদ্দেশ্যসমূহ পুরণের লক্ষ্যে সঠিক ও দ্রুত কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। | |
| ২.২ | প্রকল্পের বাস্তব অগ্রগতি ও বর্তমান অবস্থা | অত:পর প্রকল্প পরিচালক সভার আলোচ্য বিষয়ের আলোকে প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। তিনি বলেন যে, প্রকল্পের আওতায় মূল ডিপিপি অনুযায়ী বাস্তবায়নযোগ্য সকল ধরনের ভবন ও স্থাপনাদি নির্মাণ কাজ অনুমোদিত বরাদ্দ অনুসারে প্রায় সমাপ্তির পর্যায়ে। ইতোমধ্যে প্রশাসনিক কাম ফ্যাকাল্টি ভবন (৯০%), টেকনোলজি বিল্ডিং (৮০%), ক্যাফেটেরিয়া কাম গেষ্ট হাউজ (৮০%), মসজিদ (৯০%), ড্রেনেজ (৯০%), বাউন্ডারি ওয়াল (৫০%), হোস্টেল (৯০%) ইত্যাদি) কাজ সম্পূর্ণ রয়েছে। তিনি আরও বলেন যে, প্রকল্পের অনুকূলে বরাদ্দ অনুযায়ী মোট বাস্তব অগ্রগতি ৯৩.৭৪% এবং আর্থিক অগ্রগতি ৮৪.৯৩% হলেও অপর্যাপ্ত বরাদ্দের কারণে কতিপয় অনুমোদিত অঙ্গের কাজ এখনো অসম্পূর্ণ রয়েছে যেমন: প্রশাসনিক কাম ফ্যাকাল্টি ভবন (১০%), টেকনোলজি বিল্ডিং (২০%), ক্যাফেটেরিয়া কাম গেষ্ট হাউজ (২০%), মসজিদ (১০%) ইত্যাদি। সে প্রেক্ষিতে প্রকল্পটি ১ম সংশোধনের প্রয়োজন রয়েছে বলে তিনি সভাকে অবহিত করেন। প্রকল্প সংশোধনের কারণ হিসেবে তিনি বলেন যে, ডিপিপি প্রণয়নকালে সীমানা প্রাচীরের উচ্চতা ৭ ফুট, এবং মাটি ভরাট ৫ ফুট ধরা ছিল। প্রকৃত পক্ষে বিশ্বরোডের সাথে | |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| | | সামঞ্জস্য রেখে প্রাচীরের উচ্চতা ১২ ফুট নির্মাণ এবং মাটি ভরাট ১৩ ফুট প্রয়োজন হওয়ায় এ অংগসমূহের কাজ সম্পন্ন করা হয়নি। তাছাড়া, বরাদ্দ অপ্রতুল হওয়ায় ক্যাফেটেরিয়া ভবন ও পরিচালকের বাংলোর কিছু অসম্পন্ন রয়েছে এবং করিডোর, ড্রেনেজ সিস্টেম বৈদ্যুতিক লাইন, পানি সরবরাহ কাঠামো ইত্যাদি অঙ্গসমূহ ডিপিপিতে আনুমানিক/থোক হিসেবে থাকায় এ সকল অঙ্গের কাজ প্রকৃত আবস্থার নিরিখে সম্পন্ন করা সম্ভব হয়নি বলে তিনি সভাকে অবহিত করেন। এ প্রসংগে মহাপরিচালক, আরডিএ সভায় অবহিত করেন যে, প্রকল্প বাস্তবায়নের এ পর্যায়ে নতুন এ পল্লী উন্নয়ন একাডেমি'কে কার্যকর করতে হলে কতিপয় অনুমোদিত অঙ্গের বরাদ্দ বৃদ্ধিসহ প্রকল্পটি সংশোধনের প্রয়োজন রয়েছে। | |
| ২.৩ | প্রকল্পের ১ম সংশোধন সংক্রান্ত | বিষয়োক্ত প্রকল্পের ১ম সংশোধনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। পরিকল্পনা বিভাগের উন্নয়ন প্রকল্প প্রণয়ন, অনুমোদন ও প্রক্রিয়াকরণ সংক্রান্ত সর্বশেষ পরিপত্র (অক্টোবর, ২০১৬) এর ২.২ অনুচ্ছেদ অনুসারে প্রকল্পের প্রথম সংশোধনের ক্ষেত্রে প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষ্য, অর্থায়নের ধরন (ঋণ, অনুদান, ইক্যুইটি ইত্যাদি), অর্থায়নের উৎস (জিওবি, প্রকল্প সাহায্য, নিজস্ব অর্থায়ন ইত্যাদি), প্রকল্প এলাকা, জনবল, পরামর্শক এবংযানবাহনের ধরন/সংখ্যা অপরিবর্তিত রেখে অনুমোদিত প্রকল্পের অন্তর্ভুক্ত অঙ্গ/অঙ্গসমূহের ব্যয়/পরিমাণের যেকোন পরিবর্তন হলে সংশোধনের জন্য প্রস্তাবিত প্রকল্প ব্যয় মূল প্রকল্প ব্যয়ের ১৫(পনের) শতাংশ বা ৪০ (চল্লিশ) কোটি টাকা পর্যন্ত (যা নিয়ে হয়) বৃদ্ধি/হ্রাস-এর মধ্যে সীমিত থাকলে তা উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ অনুমোদন করতে পারবে। বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটির (ডিপিইসি) সুপারিশক্রমে সংশোধিত প্রকল্প প্রস্তাব উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী অনুমোদন করতে পারবেন।<br>বিস্তারিত আলোচনান্তে, যৌক্তিকতার নিরীখে সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্ত বিষয়োক্ত প্রকল্পটির ১ম সংশোধনের বিষয়ে সভায় সকলে একমত পোষণ করেন। | যৌক্তিকতার নিরীখে সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্ত বিষয়োক্ত প্রকল্পটির ডিপিপি সংশোধন করা যেতে পারে।<br><br>বাস্তবায়নে:<br>১) মহাপরিচালক, আরডিএ।<br>২) প্রকল্প পরিচালক। |
| ২.৪ | অতিরিক্ত কার্যাদেশ (ভেরিয়েশন | প্রকল্পের আওতায় যে সকল অঙ্গের দরপত্র (টেন্ডার) কার্যক্রম সম্পন্ন ইতোমধ্যে সম্পাদিত হয়েছে সে সকল অঙ্গের অনুকূলে পিপিআর-২০০৮ অনুযায়ী অতিরিক্ত | প্রকল্পের আওতায় যে সকল অঙ্গের দরপত্র (টেন্ডার) কার্যক্রম সম্পন্ন ইতোমধ্যে |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| | অর্ডার) এবং | কার্যাদেশ (ভেরিয়েশন অর্ডার) এর অনুমোদন গ্রহণ করার বিষয়ে আইএমইডি'র প্রতিনিধি মতামত ব্যক্ত করেন। | সম্পাদিত হয়েছে সে সকল আইটেম এর অনুকূলে পিপিআর-২০০৮ অনুযায়ী অতিরিক্ত কার্যাদেশ (ভেরিয়েশন অর্ডার) এর কার্যক্রম গ্রহণ করতে হবে।<br><br>বাস্তবায়নে:<br>১) মহাপরিচালক, আরডিএ।<br>২) প্রকল্প পরিচালক। |
| | একাডেমিক কার্যক্রম চালুকরণ | পরিকল্পনা কমিশনের প্রতিনিধি একাডেমির কার্যক্রম দ্রুততার সাথে বাস্তবায়নের স্বার্থে জনবল নিয়োগসহ অন্যান্য কার্যক্রম আরম্ভ করার বিষয়ে সভায় দৃষ্টি আকর্ষণ করলে সভাপতি রাজস্ব খাতে জনবল নিয়োগের বিষয়টি ত্বরান্বিত করার নির্দেশনা প্রদান করেন। | একাডেমির কার্যক্রম দ্রুততার সাথে বাস্তবায়নের স্বার্থে জনবল নিয়োগসহ অন্যান্য কার্যক্রম সম্পাদন আরম্ভ করতে হবে;<br>বাস্তবায়নে:<br>১) মহাপরিচালক, আরডিএ।<br>২) প্রকল্প পরিচালক। |
| ২.৫ | প্রকল্প সমাপ্তকরণ | নির্ধারিত সময়ের মধ্যে কোন প্রকল্প সমাপ্ত না হলে পরবর্তীতে অর্থ বরাদ্দ ও ছাড়ে সমস্যা তৈরি হয় বিধায় বিষয়োক্ত প্রকল্পটি নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য কার্যক্রম বিভাগের প্রতিনিধি মতামত ব্যক্ত করেন। বিস্তারিত আলোচনান্তে, প্রকল্পটি নির্ধারিত মেয়াদ অর্থাৎ জুন, ২০২০ এর মধ্যে সমাপ্ত করা সম্ভব মর্মে সংস্থা প্রধান এবং প্রকল্প পরিচালক মতামত প্রকাশ করেন। | প্রকল্পটি নির্ধারিত মেয়াদ অর্থাৎ জুন, ২০২০ এর মধ্যে সমাপ্ত করতে হবে।<br><br>বাস্তবায়নে:<br>১) মহাপরিচালক, আরডিএ।<br>২) প্রকল্প পরিচালক। |
| ২.৬ | ১ম সংশোধন | প্রকল্পটির ১ম সংশোধনের ক্ষেত্রে শুধুমাত্র একাডেমিক কার্যক্রম চালু করার লক্ষ্যে অতি আবশ্যক কিছু কাজ অন্তর্ভুক্ত করার বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করলে সভায় সকলে একমত পোষণ করেন। এক্ষেত্রে অত্যাবশ্যকীয়ভাবে প্রয়োজনীয় অঙ্গ যেমনঃ সীমানা প্রাচীর, মাটি ভরাট, করিডোর, অভ্যন্তরীন পানি নিষ্কাশনসহ অন্যান্য প্রয়োজনীয় অসম্পূর্ণ অঙ্গ অন্তর্ভুক্ত করে প্রকল্পটির ১ম সংশোধন দ্রুত এ বিভাগে প্রেরণ নির্দেশনা প্রদান করা হয়। এক্ষেত্রে, প্রত্যেকটি আইটেম এর বিস্তারিত বিবরণ, প্রাক্কলন অন্তর্ভুক্ত করার বিষয়ে সভায় সকলে একমত পোষণ করে এবং প্রাপ্ত ১ম সংশোধিত ডিপিপি'র ওপর বিভাগীয় মূল্যায়ন কমিটির সভা করার | (ক) প্রকল্পটির ১ম সংশোধনের ক্ষেত্রে শুধুমাত্র একাডেমিক কার্যক্রম চালু করার লক্ষ্যে অতি আবশ্যক কিছু প্রয়োজনীয় কাজ এবং অসম্পূর্ণ আইটেম অন্তর্ভুক্ত করে প্রকল্পটির ১ম সংশোধন দ্রুত এ বিভাগে প্রেরণ করতে হবে;<br>(খ) ডিপিপি'তে প্রত্যেকটি অঙ্গ এর বিস্তারিত বিবরণ, প্রাক্কলন অন্তর্ভুক্ত করতে |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
| --- | --- | --- | --- |
| | | বিষয়ে একমত পোষণ করা হয়। | হবে;<br>(গ) প্রাপ্ত সংশোধিত ডিপিপি'র ওপর বিভাগীয় মূল্যায়ন কমিটির সভা করতে হবে।<br>বাস্তবায়নে:<br>১) মহাপরিচালক, আরডিএ।<br>২) প্রকল্প পরিচালক। |

৪.০ সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২০/৭/২০২০

(মোঃ রেজাউল আহসান)
সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

১৬/০১/২০২০ তারিখ বৃহস্পতিবার সকাল ১১.০০ ঘটিকায় পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া কর্তৃক ...য়নাধীন **"পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), রংপুর স্থাপন"** শীর্ষক প্রকল্প-এর প্রকল্প স্টিয়ারিং কমিটির ৩য় সভায় ...পস্থিত কর্মকর্তাবৃন্দের হাজিরাঃ

| ক্রঃ নং | নাম ও পদবী | মন্ত্রণালয়/দপ্তর/সংস্থার নাম | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | মোঃ আমজাদ হোসেন খান, অতিরিক্ত সচিব | RDCD | | [signature] ১৬/০১/২০২০ |
| ২. | মোঃ আমিনুল ইসলাম মহাপরিচালক, (অতিরিক্ত দায়িত্ব) | RDA, বগুড়া, | 01712-045236 | [signature] |
| ৩. | মোঃ মাহবুবুর রহমান পরিচালক | IMED | 01711134309 | [signature] ১৬/০১/2020 |
| ৪. | কুমার তনয় দাশ সিসঃপ্র | কার্যক্রম বিভাগ | ০১৫৫৬৫৭৪৮৭৪ | [signature] ১৬/০১/২০২০ |
| ৫. | জোবায়দা বেগম উপপ্রধান | RDCD | | [signature] ১৬/১/২০২০ |
| ৬. | রুনু সাহা সহকারী প্রধান | পরিকল্পনা কমিশন | 01913-780330 | [signature] ১৬/০১/2020 |
| ৭. | আইরীন ফারজানা উপসচিব | RDCD | 01712292787 | [signature] ১৬/০১/২০২০ |
| ৮. | শাহিনা সুলতানা সিসস | RDCD | | [signature] 16/01/2020 |
| ৯. | আছাদুল হক সিসস | অর্থবিভাগ | ০১৭১২৮৮০৯০৬ | [signature] 16.01.2020 |
| ১০. | আবদুল্লাহ আল মামুন পরিচালক (প্র.দা.) | RDA | 01716035170 | [signature] 16.1.2020 |
| ১১. | প্রকৌঃ মোঃ মোনায়েম উদ্দিন চৌধুরী, সিস্টেম এনালিস্ট | পিডিবি | 01711260270 | [signature] ১৬.০১.২০২০ |
| ১২. | মোঃ নজরুল ইসলাম PD খান RANGPUR | RDA | 01711875724 | [signature] |
| ১৩. | | | | |
| ১৪. | | | | |
| ১৫. | | | | |